মুজিবনগরে খালেদা জিয়ার সুস্থতা ও রোগ মুক্তির কামনায় ইফতার ও দোয়া অনুষ্ঠান

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার সুস্থতা ও রোগ মুক্তির কামনায় ইফতার ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামবাসির (২ নং ওয়ার্ড বিএনপি) আয়োজনে, ভবেরপাড়া ঈদগাঁহ ময়দানে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া ও ইফতার অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক মোল্লা মহাম্মদ বায়েজিদের সঞ্চালনায় প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি সিরাজুল ইসলাম মোল্লা।

উপস্থিত ছিলেন আব্দুর রহিম মল্লিক, সাবেক মেম্বার ইউনুস আলী বগা মোল্লা, জাহান আলী, বিল্লাল বিশ্বাস, মুনসি ওমর ফারুক প্রিন্স, আব্দুল শাহ, আকবর আলী, ইউনুস শাহসহ ভবেরপাড়া ২ নং ওয়ার্ড বিএনপি,র নেতা কর্মী বৃন্দ।

আলোচনা শেষে বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সুস্থতা ও রোগ মুক্তির কামনায় দোয় অনুষ্ঠিত হয়।

ইবিয়ান মেহেরপুরের ইফতার ও দোয়া মাহফিল

পবিত্র মাহে রমজান উপলক্ষে ইবিয়ান মেহেরপুরের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২৩ মার্চ) বিকেল পাঁচটার দিকে মেহেরপুরের শর্মা ফুড

প্লাজায় ইফতার ও দোয়া মাহফিল আয়োজন করা হয়।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে ইবিয়ান মেহেরপুরের সভাপতি ও মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ শাহিউদ্দিন মিল্টনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ও দায়রা জজ মনজুরুল ইমাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপির যুগ্ন আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, বামুন্দি নিশিপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সাজ্জাদুল আনাম স্বপনসহ ইসলামী বিশ্ববিদ্যালয়ের মেহেরপুরে অবস্থানরত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে ইবিয়ান মেহেরপুরের সাধারণ সম্পাদক সোলায়মান হোসেন পবিত্র কোরআন তেলাওয়াত করেন।
উপস্থিত সবাই দেশের কল্যাণ ও শান্তি কামনা করে দোয়া ও মোনাজাতে অংশ নেন।

মেহেরপুরে ৫ দফা দাবিতে মউশিক শিক্ষকদের মানববন্ধন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) প্রকল্পের জনবল রাজস্বকরণ ও আউটসোর্সিং বাতিলসহ পাঁচ দফা দাবিতে মেহেরপুরে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১১টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের কর্মকর্তা- কর্মচারী ও শিক্ষক-কেয়ারটেকার ঐক্য পরিষদ এই মানববন্ধনের আয়োজন করে। মানববন্ধন শেষে পাঁচ দফা দাবি সংবলিত একটি স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টার বরাবর প্রদান করা হয়।

মানববন্ধনে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা আবুল হাশেম। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক হযরত মাওলানা রুহুল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবায়দুর রহমান, সুপারভাইজার আমানুল্লাহ ও মাস্টার ট্রেইনার মাওলানা আব্দুল হামিদ।

ফিল্ড সুপারভাইজার মুহাম্মদ তাওহীদুল ইসলামের সঞ্চালনায় মানববন্ধনে আরও বক্তব্য রাখেন কাজীপুর ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা মাজহারুল ইসলাম, বামন্দী ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা সিরাজুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি মাওলানা আওলাদ হোসেন, আমঝুপি ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা ওমর ফারুক, মেহেরপুর সদর উপজেলা শিক্ষক সমিতির মাওলানা শাহজাহান কবীর সজল, মুজিবনগর উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা সাইফুল ইসলাম ও গাংনী উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা আব্দুল হক।

শিক্ষকদের দাবি ও আন্দোলনের কারণ মানববন্ধনে অংশ নেওয়া শিক্ষকরা জানান, এই প্রকল্পটি দীর্ঘদিন ধরে সফলভাবে পরিচালিত হয়েছে এবং শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা, কোরআন শিক্ষা ও নৈতিক মূল্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। কিন্তু বর্তমানে প্রকল্পের অনুমোদন জটিলতায় পড়েছে এবং এটিকে আউটসোর্সিংয়ের আওতায় নেওয়ার পরিকল্পনা চলছে, যা শিক্ষকরা মেনে নেবেন না।

শিক্ষকরা আরও জানান, দীর্ঘদিন ধরে তাদের বেতন বকেয়া রয়েছে এবং ন্যায্য বেতন না পাওয়ায় তারা আর্থিক সংকটে ভুগছেন। তিন মাস ধরে বেতন-ভাতা বন্ধ রয়েছে, ফলে মাত্র ৫ হাজার টাকা সম্মানীতে তারা পরিবার পরিজন নিয়ে অতিকষ্টে জীবন যাপন করছেন। তারা দ্রুত প্রকল্প অনুমোদন ও বকেয়া বেতন পরিশোধের দাবি জানান।

শিক্ষকরা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, তাদের দাবি বাস্তবায়ন না হলে আগামীতে বৃহত্তর আন্দোলনের ডাক দেওয়া হবে।

এর আগে, জেলা শিল্পকলা একাডেমি থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে এক আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের বিশেষ অভিযানে এক জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল শনিবার রাত থেকে আজ রবিবার সকাল পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এই এক জন আসামিকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত হলেন আশরাফপুর পূর্বপাড়ার রফিজুল ইসলামের ছেলে মোঃ রাসেল।

গ্রেফতাকৃতকে আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে যে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

মুজিবনগরের বিদ্যাধরপুরে যুবকের পা ভাঙলেন সেনাসদস্য, থানায় মামলা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিদ্যাধরপুর গ্রামে তৌহিদ নামের এক যুককের উপর হামলা চালিয়ে তার পা ভেঙে দিয়েছে সাজিদ আহসান সাজু নামের এক সেনাসদস্য।

এ বিষয়ে মুজিবনগর থানায় ভুক্তভোগীর মা বাদী হয়ে সেনাসদস্যসহ তার পরিবারের চারচজনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছেন।

এ ঘটনার পরপরই তিনি ছুটি শেষ হওয়ার আগেই কাজে যোগ দিয়েছেন

নিজেকে নির্দোষ প্রমানের চেষ্টা করছেন। তবে তার মোবাইল ট্র্যাক করলেই সত্যতা পাওয়া যাবে বলে অভিযোগকারীরা দাবী জানিয়েছেন।

এদিকে, বিষয়টি নিয়ে বেশি বাড়াবাড়ি করলে প্রাণ নাশের হুমকিও দেওয়া হচ্ছে তৌহিদের পরিবারকে।

ভুক্তভোগী পরিবারের অভিযোগ, দীর্ঘ ৫০ বছরেরও বেশি সময় ধরে তারা একটি জমি ভোগ দখল করে আসছিলেন। সেই জমিতে নতুন করে তারের বেড়া নির্মাণ করতে গেলে প্রতিবেশী লুৎফর রহমানের ছেলে মোঃ আব্দুল কুদ্দুস (৫৫), মোস্তাক হোসেন, মোস্তাক হোসেনের ছেলে সেনাসদস্য সাজিদ আহসান সাজু (৩০), মোঃ রাজু (৩৫), মোঃ রাকিব (২৫)।

অভিযোগ অনুযায়ী, ১ মার্চ সকাল ৮টার দিকে মোছাঃ মেরিনা খাতুনের স্বামী মোঃ আফজালুল হক স্থানীয় দুই শ্রমিকের সাহায্যে তারের বেড়া বাঁধার কাজ শুরু করেন। তখন ১ নম্বর আসামি আব্দুল কুদ্দুস এসে কাজে বাধা দেন ও গালিগালাজ করেন। পরে ২ মার্চ সকাল ৭টার দিকে পুনরায় বেড়া বাঁধার কাজ শুরু হলে আসামিরা সংঘবদ্ধ হয়ে এসে বেড়া ভেঙে ফেলেন এবং প্রায় ১৫ হাজার টাকার ক্ষতি সাধন করেন।

এ সময় তৌহিদ ঘটনাস্থলে গেলে আসামিরা তার ওপর হামলা চালায়। এ সময় সেনা সদস্য সাজু লোহার শাবল দিয়ে তৌহিদের বাম পায়ে আঘাত করে, যার ফলে তার হাড় ভেঙে যায়। পরে স্থানীয়রা আহত অবস্থায় তাকে উদ্ধার করে মুজিবনগর হাসপাতালে নিয়ে গেলে সেখান থেকে মেহেরপুর জেনারেল হাসপাতাল রেফার্ড করে। পরে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।
তৌহিদের মা মেরিনা খাতুন জানান, আসামিরা এলাকায় প্রভাবশালী এবং বিভিন্নভাবে তাদের ভয়ভীতি দেখাচ্ছে। আমি এ ঘটনার সুষ্ঠ বিচার চাই।

তবে, অভিযুক্ত সেনাসদস্য সাজিদ আহসানের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও কথা বলা সম্ভব হয়নি।

মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান বলেন, সেনাসদস্যর বিষয়ে সেনানিবাসে চিঠি পাঠানো হয়েছে। মামলার তদন্তকারী কর্মকর্তা তদন্ত করছেন। তদন্ত শেষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিয়ের বাজার করে বাড়ি ফেরা হলো না প্রবাস ফেরৎ যুবকের

বিয়ের বাজার করে বাড়ি ফেরার পথে শ্যালো ইঞ্জিন চালিত আলগামনের সাথে মোটরসাইকেলের ধাক্কায় সাগর মিয়া (২৪) নামের এক সৌদি প্রবাস ফেরত এক যুবক হয়েছেন।

আজ শনিবার দিবাগত রাত ৮ টার দিকে মেহেরপুরের গাংনী-কাথুলি সড়কের চৌগাছা এতিম খানার সামনে এই সড়ক দূর্ঘটনাটি ঘটে। নিহত সাগর মিয়া গাংনী উপজেলার (কুঠি) ভাটপাড়া গ্রামের তোজাম্মেল হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, নিহত সাগর মিয়া গাংনী বাজার থেকে মোটরসাইকেল যোগে ভাটপাড়াতে ফিরছিলেন। চৌগাছা এতিমখানার অদুরে নাবিল ফার্নিচারের কাছে একটি পাখিভ্যানকে ওভারটেক করতে গিয়ে বিপরীত দিক থেকে আসা আলগামনের মুখোমুখি ধাক্কা লাগে। এতে সাগর মিয়া রাস্তার উপর ছিটকে পড়ে মারাত্বক আহত হন। তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, সাগর মিয়া বিয়ে করার উদ্যেশ্যে গত ৪ দিন আগে ২ মাসের ছুটি নিয়ে বাড়িতে ফিরেছেন। ঈদের পরের দিন গাংনী উপজেলার রাজনগর গ্রামে তার বিয়ে ঠিক হয়েছে। আজ বিকালে তিনি গাংনী বাজারে নিজের বিয়ের কিছু বাজার করে বাড়ি ফিরছিলেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, নিহতের মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুরে তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২২ মার্চ) বিকেল তিনটার দিকে শহরের মল্লিকপাড়া আঞ্চলিক অফিসে এ প্রস্তাবিত হজ্ব যাত্রীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

তাতাসা হজ্ব ও মরাহ কাফেলার ব্যবস্থাপনা পরিচালক মোঃ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা মোঃ মাহবুবু উল আলম।

ভেড়ামারা ল্যাব এইড সেন্টারে ব্যবস্থাপনা পরিচালক সাংবাদিক শাহজামালের সঞ্চালনায় বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা ও চুয়াডাঙ্গা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ মোঃ খালিদ সাইফুল্লাহ ও তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা এবং নওদাপাড়া জামে মসজিদ খতিব হাফেজ মাওলানা আবুল হাশেম।

মেহেরপুরে আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবী ও ফিলিস্তিনে হামলার প্রতিবাদে বিক্ষোভ

মিছিল

মেহেরপুরে আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে ও ফিলিস্তিনে ইসরায়েলের বর্বরোচিত হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল হয়েছে।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির আয়োজনে শনিবার বেলা সাড়ে ১২ টার দিকে মিছিলটি প্রেসক্লাবের সামনে থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। মিছিল শেষে সমাবেশ অনুষ্টিত হয়।

সমাবেশে বক্তব্য দেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মো: মুজাহিদুল ইসলাম, জাতীয় নাগরিক কমিটির মেহেরপুরের প্রতিনিধি মো: হাসনাত জামান সৈকত, খন্দকার মুইজ উদ্দিন, গাংনীর প্রতিনিধি আমির হামজা।

এসময় জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৩

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন ও সদর থানা পুলিশের অভিযানে ১ জন রয়েছে।

গতকাল শুক্রবার দিবাগত রাত থেকে আজ শনিবার ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, ঝাউবাড়িয়া গ্রামের মোঃ আয়োব আলীর মেয়ে মোছাঃ রঙ্গিলা খাতুন এবং গাংনী উপজেলার গ্রেফতারকৃতরা হলেন বামন্দী নিশিপুরের মৃত আসলামের ছেলে মোঃ তরিকুল ইসলাম সোহাগ (২২) ও সাহেবনগরের মোঃ লাল্টু এর

স্ত্রী মোছাঃ রেখা (৩৫)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল অভিযানের নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের শনিবার আদালতে নেয়া হয়েছে।

ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) মেহেরপুর জেলা শাখার ইফতার মাহফিল

ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) মেহেরপুর জেলা শাখার আয়োজনে অনুষ্ঠিত হয়ে গেল ইফতার ও দোয়া মাহফিল।

গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর মহিলা কলেজ রোডের সেভেন সেন্স রেস্টুরেন্টে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বিএমএ ও ড্যাব মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ডাঃ মোঃ ওবাইদুল ইসলাম পলাশের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিএমএ মেহেরপুর জেলা শাখার সভাপতি ডাঃ এম এ সালাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ডাঃ মোঃ আমানুল্লাহ, ডাঃ মোঃ সফিকুল ইসলাম, ডাঃ এ এস এম হাসান আলী মাসুম, ডাঃ মোঃ মাহফুজ্জামান রতন, ডাঃ মোঃ খায়রুজ্জামান পিনু, ডাঃ মোঃ কাজল আলী ও ডাঃ মোঃ আবুল কাশেম প্রমুখ।

অনুষ্ঠানে ড্যাব ও বিএমএ নেতৃবৃন্দসহ জেলার চিকিৎসকরা উপস্থিত ছিলেন।